

শেয়ার মার্কেট

শস্য পেকেছে
কলকাতায় গন্ধ পাচ্ছি
গুড় নেই যদিও ঘরে বেড়াচ্ছে মাছি
এ বেলা বলতো বেচে দিই
যত্নে রাখা সাদা হাতি।

শস্য পেকেছে
জওয়ানরা সব আগুয়ান
খবর শুনতে অফিসের বাবুরা বেলাবেলি বাড়ি যান
বৃষ্টি নেই, খটখটে শুকনো
যদিও তৈরী আছে সব জলযান।

শস্য পেকেছে
কলকাতায় গন্ধ পাচ্ছি
গুড় না থাক আছে তো কলসি
ফুটি করে নাও এই বেলা
বার্দ্ধক্যের জন্যে আছে তো বারাণসী।

শান্তি বসু

